

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
(বহিরাগমন-৪ শাখা)
www.ssd.gov.bd

স্মারক নং-৫৮.০০.০০০০.০৪৩.১৪.০০২.১৬.৪১৪


তারিখঃ ১৬ পৌষ, ১৪৩১
৩১ ডিসেম্বর, ২০২৪

বিষয়: বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরের “এসিস্ট্যান্ট প্রোগ্রামার” (৯ম গ্রেড) এর ০২ (দুই)টি শূন্য পদ সরাসরি পদ্ধতিতে নিয়োগের ছাড়পত্র প্রদান।

সূত্র: বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরের স্মারক নং-৫৮.০১.০০০০.১০১.১২.০১২.২০২২.১৮১০, তারিখ: ২৪/১০/২০২৪

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৪/১১/২০১০ তারিখের ০৫.১৬৬.০২২.০০.০০.০৪৪.১৯৮৮-১৩৫৬ সংখ্যক পরিপত্র অনুযায়ী সরাসরি নিয়োগযোগ্য শূন্য পদের ১০% পদ সংরক্ষণ এবং পদোন্নতি ও পদ সৃজন সংক্রান্ত কারণে বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরের “এসিস্ট্যান্ট প্রোগ্রামার” (৯ম গ্রেড) এর ০২ (দুই)টি পদ শূন্য হওয়া সাপেক্ষে সরাসরি পন্থায় জনবল নিয়োগের নিমিত্ত নিম্নোক্ত শর্তসাপেক্ষে নির্দেশক্রমে ছাড়পত্র প্রদান করা হলোঃ

- ক) উল্লিখিত পদ পূরণের ক্ষেত্রে যদি আদালতের কোন নিষেধাজ্ঞা থাকে, কোন রীট/মামলা বিচারাধীন থাকে, কোন মামলার রায় বাস্তবায়নের বিষয় অপেক্ষমান বা প্রক্রিয়াধীন থাকে তবে আদালতের নির্দেশনা যথাযথভাবে বাস্তবায়নপূর্বক বিধি মাতাবেক শূন্যপদ পূরণের কার্যক্রম গ্রহণ করতে হবে।
- খ) শূন্য পদ পূরণের প্রস্তাবে সংখ্যায় কোন গরমিল থাকার কারণে কোন পদে অতিরিক্ত লোক নিয়োগ পেলে সেক্ষেত্রে ভুল তথ্য প্রদানকারী দায়ী থাকবে।
- গ) অর্গানোগ্রাম ও পদ সৃষ্টির আদেশে বর্ণিত পদনাম অনুযায়ী অনুমোদিত নিয়োগবিধি অনুসরণপূর্বক প্রতি শ্রেণীর পদের বিপরীতে মঞ্জুরিকৃত পদসংখ্যার ভিত্তিতে পদপূরণ করতে হবে। এর ব্যত্যয় ঘটলে সংশ্লিষ্ট নিয়োগকারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন।
- ঘ) জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১০/০৫/৯৯ তারিখের সম (এসপি)-৫৮/৯৯-২১০ নং পরিপত্রের ৩(খ) অনুচ্ছেদ অনুযায়ী এই ছাড়পত্রের বৈধতার মেয়াদ সর্বোচ্চ ০১ (এক) বছর। উক্ত পরিপত্রের ৩(ঘ) অনুযায়ী ছাড়পত্রের মেয়াদের মধ্যে নিয়োগ প্রক্রিয়ার সকল কার্যক্রম সম্পন্ন করতে হবে এবং উক্ত পরিপত্রের ৩(গ) অনুযায়ী নির্দিষ্ট সময় সীমার মধ্যে পদ পূরণে অসমর্থ হলে নতুন করে ছাড়পত্র গ্রহণ করতে হবে।
- ঙ) ছাড়কৃত পদগুলি পূরণ করার ক্ষেত্রে প্রচলিত নিয়োগবিধি, শূন্যপদ পূরণ সংক্রান্ত সরকারের অপারপর যাবতীয় বিধি-বিধান/আদেশ এবং আনুষ্ঠানিকতা অবশ্যই যথাযথভাবে প্রতিপালন/অনুসরণ করতে হবে।
- চ) ছাড়কৃত পদগুলি পূরণ করার ১৫ দিনের মধ্যে সুরক্ষা সেবা বিভাগের বহিরাগমন-৪ শাখা এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের পরিসংখ্যান ও গবেষণা কোষকে অবহিত করতে হবে।


মোঃ আমিন আলি পারভেজ
উপসচিব
ফোনঃ ০২-৫৫১০১১৩৯
Email-immi4@ssd.gov.bd

মহাপরিচালক
বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর
আগারগাঁও, ঢাকা।

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

স্মারক নং-৫৮.০০.০০০০.০৪৩.১৪.০০২.১৬.৪১৪

তারিখঃ ১৬ পৌষ, ১৪৩১
৩১ ডিসেম্বর, ২০২৪

অনুলিপিঃ

- ১। সিনিয়র সচিব, জনপ্রশাসন, মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৩। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা
- ৪। চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা
- ✓ ৫। সিস্টেম এনালিস্ট, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৬। অফিস কপি/মাস্টার কপি


মোঃ আমিন আল পায়েভেজ
উপসচিব